



কালের কর্তৃ

কালের কর্তৃ, ২৯-০২-২০২৪, পৃষ্ঠা- ০৫



ইন্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে এক কৃতী শিক্ষার্থীকে পদক পরিয়ে দেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। গতকাল রাজধানীর আফতাবনগরে।

ছবি : কালের কর্তৃ

ইন্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

ইন্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তনে গতকাল বৃত্তবার রাজধানীর আফতাবনগর খেলার মাঠে অনষ্টিত হয়েছে। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। এই সমাবর্তনে আন্তর গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রগ্রামের দুই হাজার ৮৬১ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এ ছাড়া তান্ত্র্য মেধাবী চারজন শিক্ষার্থীকে দেওয়া হয় দ্বর্ষপদক।

সমাবর্তন অনুষ্ঠানে ইন্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ইন্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অবদানের কথা উল্লেখ করে এমফিল এবং পিএইচডি গবেষণার সুযোগ দেওয়ার দাবি জানান।

পরে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী তাঁর বক্তব্যে বলেন, সরকার পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যে কোনো পার্থক্য করে না। ইন্ট ওয়েস্ট ইউনিভার্সিটির মতো দেশের কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় এখন এমন মানে উত্তীর্ণ হয়েছে যে তাদের আরো উচ্চতর গবেষণা অর্থাৎ এমফিল/পিএইচডি ডিগ্রির অনুমতি দেওয়ার সময় এসেছে।

সমাবর্তন বক্তা জার্মানির কুহনে লজিস্টিকস ইউনিভার্সিটির অধ্যাপক আলান ম্যাককিনন বলেন, বৈশ্বিক জগবায়ু পরিবর্তনে তেমন ভূমিকা না থাকলেও তানেক বেশি ক্ষতির স্থীকার হচ্ছে বাংলাদেশ।

সমাবর্তনে আরো বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি